# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পিরোজপুর-৮৫০০

স্মারক নং-৩৭.০১.৭৯.০১.০০০.০৫৩.১১.০০০১.২৬-৪৮

তারিখ : ১৪ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রার<br>গ্রেড-৩<br>বেতন স্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। | ১টি | (ক) প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/গবেষণা/অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) ন্যূনপক্ষে ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ডেপুটি রেজিস্ট্রার/সমমান (গ্রেড-৫) বা তদূর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক/অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা এবং তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। |

**বিশেষ দ্রষ্টব্য: পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরি হতে অবসরপ্রাপ্ত অথবা পিআরএল এর প্রার্থীগণ চুক্তিভিত্তিক নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।**

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদের বিপরীতে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইট **www.prstu.ac.bd** এর **CAREER** মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ১৪ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

29/7/26

(ড. আকতার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

এসএইচএ-৪৬১/২৬ (৫´´×৪)